নিয়োগকর্তার জন্য তথ্য

NEW YORK STATE | Paid Family Leave

2018 সালের 1 জানুয়ারী হইতে, পরিশোধিত পারিবারিক ছুটি আপনার কর্মীদের, প্রয়োজনের সময় তাদের পরিবারের যত্ন নেওয়ার জন্য আপনাকে একটি কাঠামো প্রদান করে। পরিশোধিত ছুটির কারণে কর্মক্ষেত্রে মনোবল বৃদ্ধি এবং কর্মচারী ধরে রাখার হারে বৃদ্ধি দেখা গিয়েছে। নিউ ইয়র্ক পরিশোধিত পারিবারিক ছুটি সম্পূর্ণভাবে কর্মচারী বেতন প্রদানের তহবিল থেকে অর্থায়ন করা হয়।

পরিশোধিত পরিবার ছুটি সুরক্ষিত চাকরি এবং কর্মীদের কাজ থেকে দূরে সময় কাটানোর প্রয়োজনে পরিশোধিত ছুটি প্রদান করে এই উদ্দেশ্যে:

বন্ধন
একটি নবজাতক, দত্তক, বা পালিত সন্তানের সাথে

যত্ন
কোন গুরুতর স্বাস্থ্যগত অবস্থায় পীড়িত পরিবারের সদস্যের জন্য

সাহায্য
সক্রিয় সামরিক সেবায় প্রেরিত পরিবারের সদস্য যখন বিদেশে অবস্থান করেন, তখন পরিবারের প্রিয়জনকে

নিয়োগকর্তাদের কি কি কভারেজ প্রয়োজন?

নিউইয়র্ক স্টেটের বেশিরভাগ প্রাইভেট নিয়োগকর্তা যাদের এক বা একাধিক কর্মচারী রয়েছে, তাদের কর্মচারীদের জন্যে পরিশোধিত পারিবারিক ছুটির বীমা রাখতে হবে। সাধারণত, এই কভারেজ আপনার বিদ্যমান ডিজেবিলিটি বেনিফিট পলিসিতে যোগ করা হয়। বীমা পলিসি আপনার কর্মীদের জন্য পরিশোধিত পারিবারিক ছুটির সুবিধা প্রদান করে। সরকারী নিয়োগকর্তারা তাদের কর্মচারীদের পরিশোধিত পারিবারিক ছুটি প্রদান করার কথা বিবেচনা করতে পারেন। ইউনিয়ন-প্রতিনিধিত্বকারী কর্মচারীদের সঙ্গে সরকারী নিয়োগকর্তা যৌথ আলোচনার মাধ্যমে দেওয়া পরিশোধিত পারিবারিক ছুটির প্রস্তাব দিতে পারে।

আপনি যদি ইতিমধ্যেই পরিশোধিত পারিবারিক ছুটি প্রস্তাব দিয়ে থাকেন তাহলে কি হবে?

আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার পরিশোধিত পারিবারিক ছুটির সুবিধা, আইনে যা আছে কমপক্ষে সেটি প্রস্তাব করে; তবে, আপনি ছুটির পলিসিতে আরো উদার সুবিধা পছন্দ করতে পারেন। কভারকৃত নিয়োগকর্তাদের একটি বীমা পলিসি কেনার প্রয়োজন রয়েছে অথবা স্ব-বীমাকৃত নিয়োগকর্তা হিসাবে অনুমোদিত হলে সরাসরি পরিশোধিত পারিবারিক ছুটির সুবিধাগুলি প্রদান করবে। কর্মী পরিশোধিত পারিবারিক ছুটিতে থাকাকালিন আপনি যদি আপনার কর্মীদের সম্পূর্ণ বেতন পরিশোধ করেন, তবে আপনি আপনার বীমা প্রদানকারীর কাছ থেকে পারিবারিক ছুটি পলিসির আওতায় প্রদেয় অর্থের জন্য ক্ষতিপূরণ চাইতে পারেন।

কিভাবে পরিশোধিত পারিবারিক ছুটি অর্থায়ন করা হয়?

পরিশোধিত পারিবারিক ছুটির কভারেজ খরচ প্রতি বছর সেট করা হয় যে কর্মচারী বেতনের অবদান থেকে অর্থায়ন করা হয়। কর্মচারীর অবদানের হার প্রতি বছর পর্যালোচনা করা হয়, এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কর্তৃক পরিবর্তিত হয়। বর্তমান অবদানের হার এবং বার্ষিক সর্বোচ্চ অবদানের হার জানার জন্য **PaidFamilyLeave.ny.gov/cost** পরিদর্শন করুন।

লাভ কি কি?

পরিশোধিত পারিবারিক ছুটি আপনাকে বিরতি এবং মজুরি প্রতিস্থাপন সুবিধা প্রদান করে যা 2021 সালে সম্পূর্ণ পর্যায়ে পূর্ণতা পাবে। যোগ্য কর্মচারীরা ছুটি নিতে পারবে এবং গড় সাপ্তাহিক মজুরি (AWW) গ্রহন করতে পারবে, যা নিউ ইয়র্ক স্টেটের গড় সাপ্তাহিক মজুরি (SAWW) এর শতাংশের সমান। SAWW বার্ষিক হিসেবে আপডেট করা হয়। কর্মচারীর গত আট সপ্তাহের বেতনের গড় হচ্ছে কর্মচারীর AWW এবং যা কর্মচারী পরিশোধিত পারিবারিক ছুটি শুরু হওয়ার আগে তা পেয়েছেন।

সুবিধা 2021 মাধ্যমে বৃদ্ধি		
বছর	**ছুটির সপ্তাহ**	**সুবিধা**
2019	10 সপ্তাহ	55% কর্মচারী এর AWW, SAWW এর 55% পর্যন্ত*
2020	10 সপ্তাহ	60% কর্মচারী এর AWW, SAWW এর 60% পর্যন্ত
2021	12 সপ্তাহ	67% কর্মচারী এর AWW, SAWW এর 67% পর্যন্ত

**2019 এর জন্য সীমা হচ্ছে 2017 বছরের SAWW এর 55%, $ 1,357.11।*

পরিশোধিত পারিবারিক ছুটি পাওয়ার যোগ্য কে?

কভারকৃত নিয়োগকর্তাদের জন্য যারা কাজ করে সেসব কর্মীরা ন্যূনতম প্রয়োজনীয়তা পূরণ করার পরে প্রযোজ্য ক্ষেত্রের জন্য পরিশোধিত পারিবারিক ছুটি নিতে পারবে:

- **পূর্ণ-কালীন কর্মচারী:** প্রতি সপ্তাহে 20 বা ততোধিক ঘন্টা নিয়োগকর্তার জন্য নিয়মিত কাজ করে এমন কর্মী একটানা 26 সপ্তাহের পর যোগ্য হবেন।
- **স্বল্প কালীন কর্মচারী:** প্রতি সপ্তাহে 20 ঘন্টারও কম সময় তাদের নিয়োগকর্তার জন্য নিয়মিত কর্মরত কর্মীরা 175 দিন কাজ করার পরে যোগ্য হবেন, যা একটানা হতে হবে না।

নাগরিকত্ব এবং/অথবা অভিবাসন অবস্থা কর্মচারীর যোগ্যতার কোন নির্ণায়ক নয়।

কিভাবে পরিশোধিত পারিবারিক ছুটি আপনার কর্মীর পরিবারকে সাহায্য করবে?

- **সন্তানের সাথে বন্ধন:** একজন কর্মী নবজাতক, দত্তক নেয়া বা পালিত সন্তানের সাথে সম্পর্ক রাখতে পারে জন্মের বা পাওয়ার 12 মাস এর মধ্যে।
- **পরিবারের একজন সদস্যের যত্ন নেয়া:** একজন কর্মচারী তার স্বামী-স্ত্রী, গার্হস্থ্য অংশীদার, সন্তান/সৎ-সন্তান, বাবা-মা/সৎ বাবা-মা, শ্বশুড়বাড়ী, পিতামাতামহ, নাতি নাতনিদের যত্নে নেয়ার সময় পাবেন।
- **একজন পরিষেবা সদস্যকে সহায়তা করা:** একজন কর্মচারী যখন সক্রিয়ভাবে সামরিক সেবায় বিদেশে অবস্থান করেন তখন তারা তাদের সময় নিয়ে স্বামী-স্ত্রী, গার্হস্থ্য অংশীদার, সন্তান/সৎ-সন্তান, বাবা-মা/সৎ বাবা-মা, অথবা শ্বশুড়-শাশুড়ীর যত্ন নিতে পারেন।

কর্মচারীরা কি অপ্ট আউট করতে পারেন?

পরিশোধিত পারিবারিক ছুটি বেশিরভাগ কর্মীদের জন্য ঐচ্ছিক নয়। কর্মীরা কভারেজটি পরিত্যাগ করতে পারে শুধু যদি তারা:

- নিয়মিত সপ্তাহে 20 ঘন্টার কম কাজ করে এবং বছরে 175 দিন কাজ না করেন, অথবা
- প্রতি সপ্তাহে 20 বা ততোধিক ঘন্টা কাজ করে তবে 26 সপ্তাহ একটানা কাজ করবে না।

যদি কোন কর্মী কভারেজ পরিত্যাগ করার চাহিদা পূরণ করে তবে আপনাকে তাদের একটি দাবিত্যাগ ফর্ম সরবরাহ করতে হবে যা পরিশোধিত পারিবারিক ছুটি'র ওয়েবসাইটে পাওয়া যায়। যদি একজন কর্মী কভারেজ পরিত্যাগ করতে চায়, তবে তাদের অবদান রাখতে হবে না এবং পরিশোধিত পারিবারিক ছুটির সুবিধার জন্য যোগ্য হবে না। আপনার অবশ্যই কর্মচারীর দাবিত্যাগের একটি কপি ফাইল করে রাখা আবশ্যক।

দাবিত্যাগ কি প্রত্যাহার করা যাবে?

যদি একজন কর্মীর সময়সূচী এমন পরিবর্তন হয় যে তারা আর দাবিত্যাগের যোগ্য না হন, তবে তাদের দাবিত্যাগ স্বয়ংক্রিয়ভাবে সময়সূচী পরিবর্তনের আট সপ্তাহের মধ্যে প্রত্যাহার করা হবে। একজন কর্মচারী স্বেচ্ছায় যে কোন সময় দাবিত্যাগ প্রত্যাহার করতে পারেন।

যদি কোন কর্মচারীর দাবিত্যাগ প্রত্যাহার করা হয়, তবে আপনি পরিশোধিত পরিবারিক ছুটির অবদান গ্রহণ শুরু করতে পারেন এবং দাবিত্যাগ স্বাক্ষরিত হওয়ার তারিখের পরে কোনও পূর্ব পরিমাণ অর্থ সংগ্রহ করতে পারেন। মনে রাখবেন যে, আপনার ক্যারিয়ার দ্বারা চার্জ করা PFL প্রিমিয়ামের অতিরিক্ত সংগৃহীত যে কোনো পরিমাণ অর্থ অবিলম্বে কর্মচারীদের কাছে ফেরত দেওয়া উচিত।

অনুরোধ প্রক্রিয়ায় নিয়োগকর্তার ভূমিকা কি?

কর্মচারীগণ আপনার বীমা ক্যারিয়ারের কাছে পরিশোধিত পারিবারিক ছুটির অনুরোধ জমা দেওয়ার জন্য দায়ী; নিয়োগকর্তা হিসাবে এটি আপনার দায়িত্ব নয়। আপনার ভূমিকা সরল:

- **কর্মচারীরা আপনাকে অবহিত করবে:** ছুটি শুরু হওয়ার কমপক্ষে 30 দিন পূর্বে কর্মচারী আপনাকে (তাদের নিয়োগকর্তা হিসাবে) অবহিত করতে হবে, যদি তা আগে থেকে জানা যায়; অন্যথায়, তারা যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে অবহিত করা আবশ্যক।
- **অনুরোধ ফর্ম প্রদান করুন:** কর্মীদের অনুরোধের ভিত্তিতে পরিশোধিত পারিবারিক ছুটির অনুরোধ ফর্ম তাদের দেয়ার জন্যে, আপনার নিকট তা থাকা উচিত। তারা আপনার বীমা ক্যারিয়ার থেকে সরাসরি অথবা **PaidFamilyLeave.ny.gov/forms** থেকেও এই ফর্মগুলি পেতে পারেন।
- **অনুরোধ ফর্মের নিয়োগকর্তার অংশটি পূরণ করুন:** *পরিশোধিত পারিবারিক ছুটির অনুরোধ (ফর্ম PFL -1)* নিয়োগকর্তার দ্বারা পূরণ করার নিমিত্তে একটি বিভাগ (*পার্ট বি*) অন্তর্ভুক্ত রয়েছে। যখন কর্মচারীরা আপনাকে এই ফর্মটি জমা দেয়, *পার্ট বি পূরণ* করে তাদের ফেরত দেয়ার জন্যে আপনিতিন ব্যবসায়িক কর্ম দিবস পাবেন। বিলম্ব হলে কর্মচারীকে এগিয়ে যাওয়ার জন্য অপেক্ষা করতে হবে না। তারা পূরণকৃত *ফর্ম PFL-1* তাদের বাদবাকি অনুরোধের প্যাকেজ সহ, সরাসরি বীমা ক্যারিয়ারের কাছে পাঠাতে পারে। তাদের অনুরোধটি অসম্পূর্ণ বিবেচিত হতে পারে না শুধুমাত্র আপনি তিন ব্যবসায়িক কর্মদিবসের মধ্যে *ফর্ম PFL-1 এর পার্ট B* পূরণ করেননি বলে।

বেনেফিট হারানো এড়াতে তাদের ছুটি আরম্ভ হওয়ার 30 দিনের মধ্যে কর্মচারীদের সম্পূর্ণ অনুরোধ প্যাকেজটি অবশ্যই বীমা ক্যারিয়ারের কাছে জমা দিতে হবে। বেশিরভাগ ক্ষেত্রেই, বীমা ক্যারিয়ারকে কর্মচারীর পূরণকৃত অনুরোদ গ্রহণের 18 দিনের মধ্যে অথবা ছুটির প্রথম দিনে, যেটি পরে আসবে, বেনিফিট দিতে হবে অথবা অস্বীকার করতে হবে।

নিয়োগকর্তার চেকলিস্ট

নিউ ইয়র্ক স্টেট নিয়োগকর্তাদের পক্ষে পরিশোধিত পারিবারিক ছুটি বাস্তবায়নের সহজ করার জন্যে ডিজাইন করেছে। আইনের অধীনে আপনার দায়িত্বের একটি চেকলিস্ট নিচে রয়েছে।

☐ **আপনার পরিশোধিত পারিবারিক ছুটির বীমা রয়েছে তা নিশ্চিত করুন।**

- আপনার যদি ডিজেবিলিটি বেনিফিট বীমা বহন প্রয়োজন হয়, আপনাকে তাহলে পরিশোধিত পারিবারিক ছুটিও বহন করতে হবে।
- ডিজেবিলিটি বেনিফিট এবং পরিশোধিত পারিবারিক ছুটির পলিসি সরবরাহকারী বীমার তালিকার জন্য, **dfs.ny.gov/PFL** এ আর্থিক পরিষেবা বিভাগের পরিশোধিত পারিবারিক ছুটি বিভাগে যান।

☐ **পরিশোধিত পারিবারিক ছুটির বিষয়ে আপনার কর্মীদের অবগত করুন।**

- কর্মচারী হ্যান্ডবুক এবং/অথবা কর্মচারীদের অন্য লিখিত অন্যান্য নির্দেশিকাতে পরিশোধিত পারিবারিক ছুটি বিষয়ে তথ্য অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।
- এই উপকরণগুলির জন্য আদর্শ ভাষাটি **PaidFamilyLeave.ny.gov** এর ওয়েবসাইটের নিয়োগকারী বিভাগে ডাউনলোড করার জন্যে উপলব্ধ রয়েছে। আপনি এটি কাস্টমাইজ করতে পারেন, বা শুধু কিছু খালি অংশ ভরাট করে প্রিন্ট করতে পারেন।
- কর্মচারীদের জন্য একটি *অধিকারের বিবৃতি (ফর্ম PFL-271S) আছে* উপলব্ধ রাখুন। এই ফর্মটি **PaidFamilyLeave.ny.gov.** এর নিয়োগকারী বিভাগেও পাওয়া যায়।

☐ **বীমার পেমেন্ট করার জন্যে কর্মচারীদের বেতনের অবদান সংগ্রহ করুন।**

- কর্মচারী তাদের বার্ষিক সর্বাধিক অবদান পৌঁছে না যাওয়া পর্যন্ত আপনি বীমা খরচ পরিশোধ করতে প্রতি বছর DFS দ্বারা নির্ধারিত হারে কর্মচারী অবদান স্থগিত রাখতে পারেন।
- বর্তমান কর্তন হার এবং বার্ষিক সর্বাধিক অবদানের বিবরণ সহ একটি কর্তন ক্যালকুলেটর রয়েছে, **PaidFamilyLeave.ny.gov/cost** ঠিকানায় রয়েছে।
- এটি দৃঢ়ভাবে সুপারিশ করা হয়েছে যে আপনি কোনও অবদান স্থগিত রাখার পূর্বে কর্মচারীদের অবহিত করবেন। **PaidFamilyLeave.ny.gov.** এর নিয়োগকারী বিভাগে একটি মডেল বিজ্ঞপ্তি পাওয়া যায়।

☐ **যারা যোগ্য তাদের দাবিত্যাগ করার অফার দিন।**

- প্রতি সপ্তাহে 20 ঘন্টার কম নিয়মিত কাজ করে এবং বছরে 175 দিন কাজ করবে না বা নিয়মিত সপ্তাহে 20 বা তার বেশি ঘন্টা কাজ করবে না তবে একটানা 26 সপ্তাহের জন্য কর্মরত থাকবে না এমন সকল কর্মচারীকে চিহ্নিত করুন।
- আপনাকে এই সকল কর্মচারীদের একটি দাবিত্যাগ ফর্ম দিতে হবে, যা **PaidFamilyLeave.ny.gov** ঠিকানায় পাওয়া যাবে।
- সকল কর্মচারীর দাবিত্যাগ ফাইলে জমা রাখুন।

☐ **একটি কর্মচারী নোটিশ পোস্ট করুন।**

- আপনার বীমা ক্যারিয়ার আপনাকে *নোটিশ অফ কমপ্লায়েন্স (ফর্ম PFL-120) প্রদান করে – যা "কর্মচারীদের নোটিশ"* হিসাবেও পরিচিত – এটিতে আপনার পরিশোধিত পারিবারিক ছুটির বীমা এবং সুবিধা সম্পর্কে কী তথ্য রয়েছে তা বলা আছে।
- আপনি যদি স্ব-বীমাযুক্ত হন, তবে আপনি NYS Workers' Compensation Board (এনওয়াইএস ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ড) এ **certificates@wcb.ny.gov.** ঠিকানায় যোগাযোগ করতে পারবেন।
- কর্মীদের ক্ষতিপূরণ এবং ডিজেবিলিটি বেনিফিট বীমার সাইনবোর্ড যেভাবে প্রদর্শিত হয়, তার অনুরূপ সহজে দৃষ্টিগোচর হয় এমনভাবেএই নোটিশ পোস্ট করুন এবং রক্ষণাবেক্ষণ করুন।

☐ **অনুরোধ হ্যান্ডেল করা।**

- একজন কর্মচারী ছুটির জন্য আবেদন করলে, নিয়োগকর্তা বিভাগটি (*পার্ট বি*) পূরণ করার জন্য তারা আপনাকে *পরিশোধিত পারিবারিক ছুটি (ফর্ম PFL-1) আবেদন প্রদানপূর্বক অনুরোধ* করবে।
- পূরণ করুন *পার্ট বি* এবং <u>তিন ব্যবসায়িক কর্মদিবসের</u> মধ্যে কর্মচারীকে ফর্মটি ফেরত দিন।

আরো তথ্যের জন্য, পরিশোধিত পারিবারিক ছুটির ফর্ম এবং নিয়োগকারীদের অন্যান্য রসদের জন্য, ভিজিট করুন PaidFamilyLeave.ny.gov বা কল করুন (844) 337-6303 নম্বরে।

NEW YORK STATE | Paid Family Leave

BN-PFL-BizOwner-fs-1-v4 12-18 Bengali